ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৫২৩৯
আগরতলা,১৭ ফেব্রুয়ারি,২০২৬

**অসমে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করল নির্বাচন কমিশন**

মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) জ্ঞানেশ কুমার নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সান্ধু এবং ড. বিবেক জোশীর সঙ্গে আজ গুয়াহাটিতে অসমে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে একটি বিস্তারিত ও সামগ্রিক পর্যালোচনা বৈঠক করেন।

দুই দিনের পর্যালোচনা সফরের প্রথম দিনে কমিশন স্বীকৃত জাতীয় ও রাজ্যস্তরের বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। এই দলগুলির মধ্যে ছিল আম আদমি পার্টি, ভারতীয় জনতা পার্টি, কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (মার্ক্সবাদী), ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস, অল ইন্ডিয়া ইউনাইটেড ডেমোক্রেটিক ফ্রন্ট, অসম গণ পরিষদ, ইউনাইটেড পিপলস পার্টি লিবারেল এবং বোড়োল্যান্ড পিপলস ফ্রন্ট। কমিশন তাদের মতামত ও পরামর্শ আহ্বান করেন।

কমিশন প্রতিটি রাজনৈতিক দলের সঙ্গে পৃথকভাবে আলোচনা করে তাদের মতামত, উদ্বেগ ও প্রস্তাব তুলে ধরার সুযোগ দেয়, যাতে রাজ্যে আসন্ন নির্বাচন স্বচ্ছ ও নিরপেক্ষভাবে সম্পন্ন হয়।

অধিকাংশ রাজনৈতিক দল নির্বাচন এক দফায় অথবা সর্বোচ্চ দুই দফায় আয়োজনের অনুরোধ জানায়। এছাড়াও বিহু উৎসবের কথা মাথায় রেখে নির্বাচনের তারিখ নির্ধারণের দাবি জানানো হয়।

রাজনৈতিক দলগুলি সাধারণভাবে অসমে ভোটার তালিকার বিশেষ সংশোধন প্রক্রিয়ার প্রশংসা করেন।

রাজ্যে শান্তিপূর্ণ নির্বাচন পরিচালনার জন্য বিভিন্ন পরামর্শও দেওয়া হয়।

রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকের পর কমিশন আইজি, ডিআইজি, ডিইও এবং এসএসপিদের সঙ্গে নির্বাচনী পরিকল্পনা, ইভিএম ব্যবস্থাপনা, লজিস্টিকস, নির্বাচনকর্মীদের প্রশিক্ষণ, আইন-শৃঙ্খলা, ভোটার সচেতনতা ও প্রচার কার্যক্রমসহ প্রতিটি বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করেন।

সিইসি জ্ঞানেশ কুমার জোর দিয়ে বলেন যে নির্বাচন অবশ্যই সংবিধান, প্রাসঙ্গিক আইন এবং নির্বাচন কমিশনের নির্দেশিকা কঠোরভাবে মেনে পরিচালিত হতে হবে।

কমিশন সকল ডিইও, এসএসপি ও রাজ্য প্রশাসনকে সম্পূর্ণ নিরপেক্ষভাবে কাজ করার এবং রাজনৈতিক দলগুলির অভিযোগ ও সমস্যার দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করার নির্দেশ দেয়।

কমিশন আরও নির্দেশ দেয় যে ভোটগ্রহণ কেন্দ্রগুলিকে উৎসবমুখর, স্বাগতপূর্ণ ও ভোটার-বান্ধব করে তোলার মাধ্যমে মনোরম ভোটদানের অভিজ্ঞতা সৃষ্টির চেষ্টা করতে হবে।

সকল ডিইও ও এসপিকে ভুয়ো খবরের ওপর নজরদারি রাখতে এবং প্রয়োজনে দ্রুত উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়। রাজ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****